# বার্ষিক প্রতিবেদন

উপজেলা সমবায় দপ্তর,
বড়াইগ্রাম,নাটোর।

সহযোগীতায়ঃ

তরুন কুমার দাস

সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, বড়াইগ্রাম, নাটোর।

মোঃ এমদাদুল হক

সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, বড়াইগ্রাম, নাটোর।

প্রধান পৃষ্ঠপোষকঃ

মোঃ আমজাদ হোসেন

উপজেলা সমবায় অফিসার, বড়াইগ্রাম, নাটোর।

প্রকাশনায়ঃ

উপজেলা সমবায় অফিস, বড়াইগ্রাম, নাটোর।

cooperative.baraigram.natore.gov.bd

প্রকাশ কাল ১০ অক্টোবর ২০২৪

# সহযোগীতায়

তরুন কুমার দাস
সহকারী পরিদর্শক,উপজেলা সমবায় কার্যালয়,বড়াইগ্রাম,নাটোর।

মোঃ এমদাদুল হক
সহকারী পরিদর্শক,উপজেলা সমবায় কার্যালয়,বড়াইগ্রাম,নাটোর।

## প্রধান পৃষ্ঠপোষক:

মোঃ আমজাদ হোসেন
উপজেলা সমবায় অফিসার,বড়াইগ্রাম,নাটোর।

## প্রকাশনায়:

উপজেলা সমবায় কার্যালয়,বড়াইগ্রাম,নাটোর।
cooperative.baraigram.natore.gov.bd

প্রকাশ কাল ১০ অক্টোবর-২০২৪

# দপ্তর পরিচিতি

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধিনে সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস উপজেলা সমবায় কার্যালয়,বড়াইগ্রাম,নাটোর এর উপজেলা পরিষদ চত্তরের নতুন ভবনের তৃতীয় তলায় উপজেলা সমবায় অফিস অবস্থিত।

উপজেলা সমবায় কার্যালয় সমবায় সমিতি আইন ও বিধি: মোতাবেক সমবায় নিবন্ধন,অডিট,পরিদর্শন সহ সমবায় সমিতির যাবতীয় কার্যক্রমের প্রথম ইউনিট অফিস হিসেবে কাজ করে। এ দপ্তরে মোট জনবল ০৫ জন। ০১ জন সমবায় অফিসার,০২জন সহকারী পরিদর্শক,০১ জন অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর ও ০১ জন অফিস সহয়ক।

উপজেলা সমবায় কার্যালয়,বড়াইগ্রাম,নাটোর এর আওতাধীন সমবায় সংক্রান্ত তথ্য :

<u>কেন্দ্রী সমিতির সংখ্যা ০২টি</u>

পউবো: ১) বড়াইগ্রাম ইউসিসিএ লিঃ

২) বড়াইগ্রাম ইউবিসিসিএ লিঃ

<u>প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা:</u>

সাধারন: ১২৭ টি

পউবো: ৩২১ টি

আশ্রয়ন প্রকল্প ০৩ টি:

১) বাহিমালি আশ্রয়ন প্রকল্প।
২) চৌমুহান আশ্রয়ন প্রকল্প।
৩) ছাতিয়ানগাছা আশ্রয়ন প্রকল্প।

আশ্রয়ন ২ সমবায় সমিতি ০৪ টি:

৪) আটঘড়ি উত্তরপাড়া আশ্রয়ন প্রকল্প।
৫) আটঘড়ি দক্ষিণপাড়া আশ্রয়ন প্রকল্প।
৬) উপলশহর উত্তরপাড়া আশ্রয়ন প্রকল্প।
৭) উপলশহর দক্ষিণপাড়া আশ্রয়ন প্রকল্প।

<u>সমবায় সমিতির সদস্য সদস্য সংখ্যা:</u>

৩০/০৬/২০২৪ইং তারিখ পর্যন্ত সমবায় সমিতির মোট সদস্য সংখ্যা: ৫৮৫৫০ জন।

<u>সমবায় সমিতির মোট মূলধন:</u>

৩০/০৬/২০২৪ইং তারিখ পর্যন্ত সমবায় সমিতির মোট মূলধন: ১২৩৬৫৭৬.৮৩ লক্ষ টাকা।

২০২৩ -২৪ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যাবলী :

সবাইকে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতির ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয় বড়াইগ্রাম নাটোর বিগত বছরের উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে ।কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরো গণমানুষের সংগঠনের পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে বিভাগে উৎপাদন মুখী ও সেবা ধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজার

জাতকরণের সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত অর্থবছরের নতুন কোন সমিতি নিবন্ধন হয়নাই। ২০২৩-২৪ সালে ১৪০ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ১০০ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়াও আইজিএ প্রশিক্ষণ এর মাধ্যমে ১২ জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ১৫৪ পুরুষ,২৫২ মহিলার সহজ কর্মসংস্থান হয়েছে। এছাড়াও রুপকল্প ২০৪১ এসডিজি অর্জন এবং সপ্তম পঞ্চম বার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প কিছু কার্যক্রম এই দপ্তরে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এই সকল প্রকল্প গুলোর মধ্যে বিগত বছরের ৪০৬ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবকের স্বাবলম্বী করা হয়েছে । এছাড়া প্রধানমন্ত্রী দপ্তরে ০৩টি আশ্রয়ন প্রকল্পের আওতায় ক্রমপুঞ্জিভুত ২৪৫১৫০০/- টাকার ঋণ প্রদান এবং ১৬৩৪৮১4/- টাকা আদায় সার্ভিস চার্জ সহ আদায় করা হয়েছে।

## বিগত বছরের সাফল্য:

উৎপাদনমুখী টেকসই সমবায় গঠনের মাধ্যমে বড়াইগ্রাম উপজেলার বিভিন্ন শ্রেণী পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয় বড়াইগ্রাম নাটোর এর আওতাধীন নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১২৭ টি নানাশ্রেণীর ও পেশার সম্মিলনে তৈরি হওয়ায়বৈচিত্র্যময় কার্যক্রমে পূর্ন বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাষন প্রতিষ্টার জন্য পরিদর্শন, নিরীক্ষার মাধ্যমে নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে।

## **বিগত বছরের সাফল্য সমুহ নিম্নরুপ:**

ক) বিভিন্ন শ্রেনী/পেশার জনগোষ্ঠীর সমবায়ের মাধ্যমে একত্রিত হযয়ে সম্মিলিত মূলধন গড়ে তুলেছে। বর্তমানে ০২ কেন্দ্রীয় এবং ১২৭টি প্রাথমিক (সাধারণ) ও ৩২১ টি (পউবো) মোট ৪৪৮টি সমবায় সমিতির ১২৩৬৫৭৬.৮৩ লক্ষ টাকা মূলধন গঠিত হয়েছে।

খ) সমবায় থেকে আয় বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণ করে প্রান্তিক জনগণ স্বাবলম্বী হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। আঞ্চলিক সমবায় প্রশিক্ষণইনস্টিটিউটে মোট ১২ প্রশিক্ষণ গ্রহণ করেছে।

গ) সমবায়ের মাধ্যমে ৪০৬ জন লোকের লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

ঘ) ২০২৩-২৪ অর্থবছরের অডিট ফি বাবদ ১২৩৪১০/- লক্ষ টাকা সরকারি রাজস্ব আদায় করা হয়েছে।

ঙ) ২০২৩-২৪ অর্থ বছরের সমবায় উন্নয়ন তহবিল ৩৮৫২১৮/- টাকা আদায় করা হয়েছে।

ছ) ২০২৩-২৪ অর্থবছরে প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়নি।

জ) ২০২৩-২৪ অর্থ বছরের ২১৭৫ জন সদস্যদের মধ্যে ৪১.৮/- (লক্ষ) টাকা লভ্যাংশ বিতরণ করা হয়ছে।

ঝ) ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ১০০ জন সদস্যকে কৃষি, পশুপালন, মৎস্য ও সমবায় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে ।

ঞ) সমিতি গুলির সফল কার্যক্রমের প্রেক্ষিতে ইতিমধ্যে ০৩টি মহিলা সমবায় সমিতি তাদের নিজস্ব অর্থায়নে সমিতির নামেয় জমি ক্রয় এবং নিজস্ব অফিস ঘর নির্মাণ করেছে। অফিস ঘরের সাথে সভাপতি সদস্যদের উৎপাদিত পণ্য বিক্রয়র জন্য সবজি বিক্রয়ের ,ছাগল বিক্রয়ের সেড রয়েছে সমিতির সদস্যদের উৎপাদিত পণ্য পরিবহনের জন্য মিনি ট্রাক ক্রয় করেছে। সমিতির সদস্যদের এর উৎপাদিত পণ্য বাজারে পরিবহনের জন্য ট্রাক টি ব্যবহার করা হচ্ছে।

ট) উৎপাদন মুখী ও টেকসই সমবায় গঠনের লক্ষে বিদ্যমান সমবায় সমিতি গুলোকে উদ্বুদ্ধকরণ সহ নতুন সমবায় গঠনের প্রচেষ্টা চলছে ।

ঠ) উপজেলার মৎস্য সমবায় গুলোর মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে ।

ড) উপজেলার প্রাণি সমবায় গুলোর মাধ্যমে গবাদি পশু পালন বৃদ্ধি পেয়েছে ।

## জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর মনোনয়ন

লালপুর উপজেলা হতে নিম্নবর্ণিত ০২ টি সমবায় সমিতি জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ মনোনয়ন প্রদান করাহয়েছে।

| শ্রেণি | সমবায় সমিতির নাম | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| কাল্ব | বনপাড়া খ্রিষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৯৮ |
| মহিলা সমিতি | আমরা স্বাধীন মহিলা সমবায় সমিতি লিঃ | ৯২ |
| শ্রেষ্ঠ সমবায়ী | মোঃ মতিউর রহমান | ৯৬ |

# কর্মকর্তা/কর্মচারীর তথ্য

অত্র দপ্তরের অনুমোদিত কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা ০৫টি । বর্তমানে কর্মরত আছেন ০৫ জন।

| ক্রঃ নং | ছবি | শিরোনাম | পদবি | ই-মেইল | মোবাইল নং | ফোন (অফিস) | ব্যাচ (বিসিএস) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ |  | মোঃ আমজাদ হোসেন | উপজেলা সমবায় অফিসার | uco.braigram@gmail.com | ০১৭৫৮০৯৪৪৪৪ | ০২৫৮৮৮৭৯৭২১ | ০ |

| ক্রঃ নং | ছবি | শিরোনাম | পদবি | ই-মেইল | মোবাইল নং |
|---|---|---|---|---|---|
| ১ |  | তরুন কুমার দাস | সহকারী পরিদর্শক | uco.braigram@gmail.com | ০১৭২৮৬৬০০৫৭ |
| ২ |  | মোঃ এমদাদুল হক | সহকারী পরিদর্শক | uco.coopkazipur@gmail.com | ০১৭১৬২৬৯৩৩৪ |
| ৩ |  | মোঃ মিজানুর রহমান | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | bdmijanur85@gmail.com | ০১৭৩৭৪২৯৪৭০ |
| ৪ | | মোঃ মিজানুর রহমান | অফিস সহায়ক | | ০১৭৩১৯১৩৭৬৬ |

অত্র উপজেলার সফল কিছু সমবায় সমিতির কার্যক্রমের খন্ডচিত্র।

সমিতির ব্যবস্থাপনা কমিটি ও বার্ষিক সাধারন সভাঃ







গ্রামে উঠান বৈঠক ও সেমিনার করার মাধ্যমে সদস্য ভর্তিতে উদ্বুদ্ধকরণ এবং বিভিন্ন সামাজিক সচেতনতা বৃদ্ধিতে সহায়তা।





সদস্যদের বনায়নে উদ্বুদ্ধ করে বৃক্ষের চারাগাছ উপহার দেওয়া হয়।





দুস্থদের সহায়তা ও সদস্যদের চিকিৎসায় আর্থিক অনুদান এবং বিভিন্ন সামাজিক উন্নয়নে আর্থিক অনুদান দিয়ে সহায়তা করেন। উক্ত আর্থিক অনুদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মহোদয়, ও উপজেলা নির্বাহী অফিসার ।




১২.এস.এস.সি কৃতি শিক্ষার্থীদের শুভেচ্ছা ও অভিনন্দন প্রদান করছেন মাননীয় জেলা প্রশাসক শামীম আহমেদ (মাঝে) এবং উপজেলা নির্বাহী অফিসার জনাব মোসাঃ মারিয়ম খাতুন ও জেলা সমবায় অফিসার জনাব মোঃ হোসেন শহিদ ।



সমিতির প্রতিষ্ঠার পর থেকেই বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় সমবায় আন্দোলনকে বেগবান করার জন্য জাতীয় সমবায় দিবস,আন্তর্জাতিক সমবায় দিবস ও জাতীয় দিবস সমূহ পালনে তিনি অগ্রনী ভূমীকা পালন করেন।













মাসিক এবং সাপ্তাহিক মিটিং






খেজুরের গুড় তৈরী এবং ব্রান্ডিং করা






দুধ হতে ক্রিম সংগ্রহ



দুধ হতে দই তৈরী

পশু ডাক্তারের মাঝে নাইট্রোজেন সিলিন্ডার বিতরন।

বৃক্ষ রোপন ও বিতরন








সমবায় দিবস উৎযাপন





নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনা মিটিং।



প্রাণি হতে মানুষে এবং মানুষ হতে প্রাণিতে স্থানান্তরিত রোগ সম্পর্কে সচেতন মিটিং।




অবহিতকরন সভা

বিভিন্ন কোম্পনীর সাথে ব্যবসায়িক চুক্তি স্বাক্ষর






সমিতির ম্যানেজমেন্ট কমিটির ভোট গ্রহন এবং গননা।

# নাগরিকগণের জন্য বিশেষ সেবা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাস্তবায়নযোগ্য কৌশল সমূহের মাধ্যমে সেবা গ্রহনকারী নাগরিকদের বিভিন্ন সেবা করা হচ্ছে । সেবা গ্রহনকারীদের বসার সুব্যবস্থা করা হয়েছে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম নাগরিকদের দৃষ্টিগোচর করার জন্য দপ্তরে নোটিশ বোর্ডে স্থাপন করা হয়েছে। অভিযোগ দাখিলের জন্য অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। দপ্তরের ওয়েব পোর্টাল সর্বদা হালনাগাদ রাখা হচ্ছে। অত্র অফিসের কর্মকান্ড এপিএমএস সফটওয়ারে আপলোড করা হয়। শতকরা ৮০% ফাইলের কাজ ডি নথিতে সম্পাদন করা হয়।

সমবায় সমিতির অডিট,ব্যবস্থাপনা কমিটির নির্বাচন,সাধারন সভা ও অডিট সংশোধনী দাখিলের নির্দিষ্ট সময়ে করনীয় নির্ধারিত কাজগুলো যথা সময়ে সম্পাদনের জন্য নোটির্শ বোর্ডে প্রকাশ সহ পত্র প্রদানের মাধ্যমে স্টেক হোল্ডারদের অবহিত করা হচ্ছে।

অত্র দপ্তর হতে নওগাঁ ও কুমিল্লা প্রশিক্ষণ কেন্দ্র বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণার্থী প্রেরন করা হয়।

সমবায় আইন ও বিধি মোতাবেক সমিতি পরিচালনার লক্ষে স্থানীয় পর্যায়ে ভ্রাম্যমান প্রশিক্ষনের মাধ্যমে লক্ষমাত্রা অনুযায়ী প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়।

সমিতি পর্যায়ে সমবায় নেতৃবৃন্দের মতবিনিময় সভার আয়োজন করা হচ্ছে।

তথ্য অধিকার আইন অবহিত করন, দূর্নীতি দমন আইন অবহিত করন,ডিজিটাল সেবা বিষয়ে অবহিত করা হচ্ছে।

অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাধ্যমে কোন অভিযোগ অনলাইন অথবা অফলাইনে আসলে তা দ্রুত নিস্পত্তি করা হয়।

****সমাপ্ত****